



মহানগর হাউজিং সোসাইটি

www.mohanagarhousingsociety.org

বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রিয় মহানগরবাসী

আসসালামু আলাইকুম। মহানগর হাউজিং সোসাইটির পক্ষ থেকে সকলকে জানাই **ঈদ-উল-আযহা** এর আন্তরিক শুভেচ্ছা ও মোবারক বাদ। আপনারা অবগত আছেন যে মহানগর হাউজিং সোসাইটি একটি সম্পূর্ণ বিনামূল্যে সেবামূলী প্রতিষ্ঠান যা গত **১১ই মে ২০১৫ ইং** তারিখ হতে যাত্রা শুরু করে এবং এলাকার সার্বিক উন্নয়ন এর স্বার্থে কাজ করে যাচ্ছে। আপনাদের সহযোগিতায় বিগত বছরটি সফলতার সাথে অতিক্রম করতে পারায় সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন।

বিগত বছরে মহানগর হাউজিং সোসাইটির কিছু উল্লেখযোগ্য কার্যক্রম:

- অত্র এলাকায় ৬৪টি সিসিটিভি ক্যামেরা স্থাপন, সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও রেকর্ড সংরক্ষণ
- এলাকার নিরাপত্তা স্বার্থে রামপুরা থানায় সিসিটিভি ক্যামেরার ১টি মনিটর প্রদান
- মহানগর হাউজিং সোসাইটির মেম্বারদের মধ্যে *internet* এর মাধ্যমে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে অত্র এলাকার সিসিটিভি ক্যামেরা পর্যবেক্ষণের সুবিধা প্রদান
- আমাদের কার্যক্রম সকলের কাছে সহজে পৌঁছে দিতে নিজস্ব ওয়েবসাইট চালু: www.mohanagarhousingsociety.org
- সামাজিক যোগাযোগ এবং মতামত প্রকাশের জন্য নিজস্ব ফেইসবুক পেইজ চালু: www.facebook.com/mohanagarhousingsociety
- জনসচেতনতা মূলক বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে এলাকাবাসীকে সচেতন করা
- সবুজ বনানী গড়ার উদ্দেশ্যে এলাকাবাসীর মাঝে গাছের চারা বিতরণ
- ঈদ-উল-আযহার উপহার স্বরূপ দরিদ্র শ্রেণীর লোকদের মাঝে টি-শার্ট বিতরণ

এছাড়া এলাকার সার্বিক উন্নয়ন এর স্বার্থে আরও কিছু কার্যক্রম ইতিমধ্যে হাতে নেয়া হয়েছে। আগামী বছরকে আরও সাফল্যমণ্ডিত করে সামনে এগিয়ে নিতে আপনাদের সহযোগিতা আমাদের একান্ত কাম্য। সকলে সুস্থ থাকুন, ভাল থাকুন এবং নিরাপদে থাকুন। কুরবানির পশুর বর্জ্য যথাস্থানে ফেলুন, পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখুন।

আপনাদের আবারও জানাই **ঈদ-উল-আযহা** এর আন্তরিক শুভেচ্ছা।

ধন্যবাদান্তে

সভাপতি

মহানগর হাউজিং সোসাইটি

- একটি বিনামূল্যে সেবামূলী প্রতিষ্ঠান